


যুগান্তর

বগুড়ায় তিন সহকারী শিক্ষক নিয়োগে হাইকোর্টের স্থগিতাদেশ

প্রকাশ : ২৫ অক্টোবর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

বগুড়ার কাহালু উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তিন সহকারী শিক্ষক পদে নিয়োগ কার্যক্রম বন্ধে রুলের পাশাপাশি স্থগিতাদেশ দিয়েছেন হাইকোর্ট। শিক্ষা মন্ত্রণালয়ের মহাপরিচালকসহ ৮ জনকে রুলের জবাব দিতে বলা হয়েছে। বিচারপতি রাজিক আল জলিলের নেতৃত্বাধীন বেঞ্চ শুনানি শেষে এ আদেশ দেন। রিটের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার গাজী ফরহাদ রেজা।

আইনজীবী জানান, বগুড়া জেলার কাহালু উপজেলায় বিভিন্ন প্রথমিক বিদ্যালয়ে গত ২৩ সেপ্টেম্বর ১৫ জন শিক্ষক নিয়োগ দেয় সরকার। এর মধ্যে কাহালু উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে তিন জনের শিক্ষক নিয়োগ বিধিসম্মত হয়নি। এ নিয়োগে প্রাথমিক শিক্ষক নিয়োগ বিধিমালা ২০১৩ ভঙ্গ করা হয় বলে অভিযোগ উঠে। ফলে ওই পদের পরীক্ষার্থী নিলুফা ইয়াসমিনসহ তিনজন হাইকোর্টে একটি রিট করেন। শুনানি শেষে আদালত এ আদেশ দেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Healthcare
EXPO · TAIWAN
2018.11.29-12.02

When Tech meets Medicine
A unique destination to catch the next
wave of digital health transformation

X
i X